

অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

সভাপতি	মোঃ বেলায়েত হোসেন তালুকদার অতিরিক্ত সচিব (উন্নয়ন) ও শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা
সভার তারিখ	২৯ ডিসেম্বর ২০২১
সভার সময়	বিকাল ৩.৩০ মিনিট
স্থান	ভার্চুয়াল সভা
উপস্থিতি	ভার্চুয়াল সভা

২.০ সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। তিনি মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের শুদ্ধাচার কার্যক্রম বাস্তবায়নের বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে সভার আলোচ্যসূচি অনুযায়ী আলোচনা শুরু করতে বলেন। বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা বলেন যে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ ২০২১-২০২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়ন করছে। ২০২১-২০২২ অর্থবছরে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা-কে বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অন্তর্ভুক্ত করা হয়েছে। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ১.৩ কার্যক্রমে সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে ০২টি সভা আয়োজনের লক্ষ্যমাত্রা রয়েছে। আজ এ সংক্রান্ত বিষয়ে ১ম সভার আয়োজন করা হয়েছে। আজকের সভায় মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের আওতাধীন অধিদপ্তর-দপ্তর-সংস্থার শুদ্ধাচার কার্যক্রম বাস্তবায়নের ফোকাল পয়েন্ট, বিকল্প ফোকাল পয়েন্ট এবং ২টি সরকারি কলেজের অধ্যক্ষ উপস্থিত আছেন। মূলত: অধিদপ্তর-দপ্তর-সংস্থা এবং একটি শিক্ষা প্রতিষ্ঠানের ২০২১-২০২২ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নের অগ্রগতি আজকের আলোচ্য বিষয়।

২.১ তিনি জানান যে, শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ২য় কোয়ার্টার প্রায় শেষ পর্যায়ে। তিনি অধিদপ্তর-দপ্তর-সংস্থার শুদ্ধাচার কার্যক্রম বাস্তবায়নের ফোকাল পয়েন্ট কর্মকর্তাদের কাছে তাদের অগ্রগতি বিষয়ে জানতে চান। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ফোকাল পয়েন্ট কর্মকর্তা জানান যে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর শুদ্ধাচার কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম বাস্তবায়ন করছে। গত অক্টোবর'২০২১ মাসে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ কর্তৃক প্রদত্ত ফিডব্যাক অনুযায়ী কার্যক্রম ৩ (শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধ সহায়ক কার্যক্রম) এ কিছু পরিবর্তন এনেছেন এবং পরিবর্তিত কর্মপরিকল্পনা ইতোমধ্যে প্রেরণ করা হয়েছে। এখন পর্যন্ত মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্মপরিকল্পনা অনুযায়ী সকল কার্যক্রম বাস্তবায়ন করেছে এবং এভাবে চলতে থাকলে শতভাগ কর্মপরিকল্পনা বাস্তবায়ন অবশ্যই সম্ভব। পরবর্তীতে অবশিষ্ট অধিদপ্তর-দপ্তর-সংস্থার ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণ তাদের শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়নের অগ্রগতি সভায় উপস্থাপন করেন। সভাপতি অধিদপ্তর-দপ্তর-সংস্থার শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নের অগ্রগতিতে সন্তোষ প্রকাশ করেন।

২.২ সভাপতি ধামরাই সরকারি কলেজের অধ্যক্ষের কাছে তাঁর প্রতিষ্ঠানে সুশাসন প্রতিষ্ঠায় কি কি কার্যক্রম গ্রহণ করা হয়েছে সে বিষয়ে জানতে চান। ধামরাই সরকারি কলেজের অধ্যক্ষ প্রথমেই মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ কর্তৃক আয়োজিত অংশীজনের সভায় তাকে আমন্ত্রণ করাতে ধন্যবাদ জ্ঞাপন করেন। মন্ত্রণালয়ের এমন সভায় যদি শিক্ষা

প্রতিষ্ঠানগুলোকে সরাসরি সম্পৃক্ত করা যায় তবে শিক্ষা প্রতিষ্ঠানসমূহে সুশাসন প্রতিষ্ঠা করা সহজতর হবে বলে তিনি অভিমত ব্যক্ত করেন। তিনি আরো বলেন যে, ধামরাই সরকারি কলেজে সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে শিক্ষক, শিক্ষার্থী এবং অভিভাবকের সমন্বয়ে অংশীজনের ১টি সভা আয়োজন করেছে। এছাড়া কলেজে অধ্যক্ষের সভাপতিত্বে নৈতিকতা কমিটি গঠন করা হয়েছে। কলেজের কর্মকর্তা-কর্মচারীদের জন্য সুশাসন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজনের কার্যক্রম হাতে নেয়া হয়েছে। নতুন বছরে প্রশিক্ষণ কার্যক্রম সম্পন্ন করা হবে। সভাপতি ধামরাই সরকারি কলেজ কর্তৃক সুশাসন প্রতিষ্ঠায় গৃহীত কার্যক্রমের বিষয়ে সন্তুষ্টি প্রকাশ করেন এবং তাঁকে ধন্যবাদ জানান। তাঁর কলেজের সুশাসন প্রতিষ্ঠায় যে কোন কার্যক্রম বাস্তবায়নে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ সর্বাত্মক সহযোগিতা প্রদান করবে মর্মে আশাবাদ ব্যক্ত করেন।

২.৩ বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা জানান যে, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক শুদ্ধাচার পুরস্কার প্রদান (সংশোধন) নীতিমালা, ২০২১ অক্টোবর মাসের ১৬ তারিখ জারি করা হয়েছে। নতুন নীতিমালার আলোকে ২০২১-২০২২ অর্থবছরের শুদ্ধাচার পুরস্কার প্রদান করতে হবে। পরবর্তীতে সভায় অধিদপ্তর-দপ্তর-সংস্থা এবং মাঠ পর্যায়ের কার্যালয়ে সুশাসন প্রতিষ্ঠা নিয়ে বিস্তারিত আলোচনা হয় এবং নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

৩.০ সিদ্ধান্তসমূহ:

- ৩.১ আওতাধীন অধিদপ্তর-দপ্তর-সংস্থা এবং মাঠ পর্যায়ের কার্যালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে;
- ৩.২ অধিদপ্তর-দপ্তর-সংস্থা এবং মাঠ পর্যায়ের কার্যালয়ের তথ্য বাতায়ন হালনাগাদ রাখতে হবে;
- ৩.৩ ২০২১-২০২২ অর্থবছরের শুদ্ধাচার পুরস্কার মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারিকৃত "শুদ্ধাচার পুরস্কার প্রদান (সংশোধন) নীতিমালা, ২০২১" অনুযায়ী প্রদান করতে হবে;
- ৩.৪ অধিদপ্তর-দপ্তর-সংস্থা এবং মাঠ পর্যায়ের কার্যালয়সমূহ কর্তৃক আয়োজিত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে সভায় শিক্ষক, শিক্ষার্থী, অভিভাবক, গণমাধ্যমের প্রতিনিধি এবং সুধীজনদের অংশগ্রহণ নিশ্চিত করতে হবে।

৪.০ সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ বেলায়েত হোসেন তালুকদার
অতিরিক্ত সচিব (উন্নয়ন) ও শুদ্ধাচার ফোকাল
পয়েন্ট কর্মকর্তা

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭৫.০১.০০১.২১.৩১৪

তারিখ: ১৫ পৌষ ১৪২৮

৩০ ডিসেম্বর ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) অতিরিক্ত সচিব, প্রশাসন ও অর্থ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ২) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের আওতাধীন অধিদপ্তর-দপ্তর-সংস্থা (সকল)।
- ৩) যুগ্মসচিব, প্রশাসন অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৪) অধ্যক্ষ, ধামরাই সরকারি কলেজ, ধামরাই, ঢাকা।
- ৫) অধ্যক্ষ, মোহাম্মদপুর কেন্দ্রীয় কলেজ, ঢাকা।

- ৬) সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
৭) সিনিয়র সহকারী সচিব, শুদ্ধাচার শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ।
৮) প্রোগ্রামার, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।



মোঃ ফজলুর রহমান

সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)